# কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম

স্মারক নং-৪৬.০৩.৪৯৫২.১১১.৪৫.২০২৬.১১২০ তারিখঃ ৩০/০৭/২০২৬ ইং

**গরু/মহিষ বোঝাই ট্রাক হইতে টোল আদায় ইজারা দরপত্র বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম পৌর এলাকার রাস্তা দিয়ে চলাচলকারী গরু/মহিষ বোঝাই ট্রাক হতে টোল আদায়ের জন্য ০১ সেপ্টেম্বর ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৭ সম্পূর্ন অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্তে ইজারা গ্রহনে ইচ্ছুক ব্যক্তি বর্গের নিকট হইতে সীলমোহর কৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা গ্রহনে ইচ্ছুক ব্যাক্তিবর্গ এবং প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়সুচী অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে এবং ০৬ নং কলামে বর্ণিত অফিস সমূহে প্রতি কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে দরপত্র বিক্রয় করা হবে। দরপত্র খোলার তারিখে কোন দরপত্র বিক্রয় করা হবে না। দরপত্র দাখিলের দিন বিকাল-৩.০০ ঘটিকায় (দরদাতাদের কেহ উপস্থিত থাকেন বা না থাকেন) দরপত্রের বাক্স খোলা হবে।

| ইজারা মহলের নাম | সরকারি মূল্য | দরপত্রের মূল্য | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বিক্রয়ের স্থান ও সময় | দরপত্র দাখিল ও খোলার স্থান |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| গরু/মহিষ বোঝাই ট্রাক হতে টোল আদায় | ১,৬৬,০০০/- | ১০০০/- (এক হাজার) টাকা | ১ম বার ১৬/০৮/২৬<br>২য় বার ২৫/০৮/২৬<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১ম বার ১৭/০৮/২০২৬<br>২য় বার ২৬/০৮/২৬<br>দরপত্র দাখিলের সময় বেলা ১.০০ (এক) ঘটিকা পর্যন্ত। | জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম ও কুড়িগ্রাম পৌরসভা কার্যালয়, কুড়িগ্রাম। অফিস চলাকালীন সময় পর্যন্ত। | কুড়িগ্রাম পৌরসভা কার্যালয় কুড়িগ্রাম। খোলার সময় ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকা। |

**দরপত্রের শর্তাবলী ঃ**

১। দরপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘষামাজা/অস্পষ্টতা গ্রহনযোগ্য হবে না। খামের উপর দরদাতার নাম ঠিকানা ও ইজারার বিষয় উল্লেখ করতে হবে।

২। দরপত্র ক্রয়ের জন্য যে কোন স্থানীয় তফসিলি ব্যাংক হতে ০৩ নং কলামে উল্লেখিত মূল্যে "প্রশাসক", কুড়িগ্রাম পৌরসভা বরাবর পে-অর্ডার/বিডি করে দরপত্র ক্রয় করতে হবে।

৩। দরপত্রের সহিত দাখিলকৃত দরের উপর ১০০% ইজারা মূল্য, ১৫% ভ্যাট ও ১০% আয়কর পে-অর্ডার/বিডি- এর মাধ্যমে পৃথক পৃথক ভাবে সংযুক্ত করতে হবে।

৪। পৌর কর্তৃপক্ষের অনুমোদিত রেটের বাইরে অতিরিক্ত ফি/টোল আদায় করা যাবে না এবং বিনা রশিদে টোল/ফি আদায় করা যাবে না।

৫। অনুমোদিত দর দাতাকে সরকারী নীতিমালা অনুযায়ী ৩০০/০০ (তিন শত) টাকা মূল্যের নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

৬। দরদাতাকে হাল সনের ট্রেড-লাইসেন্স এর সত্যায়িত ছায়ালিপি অবশ্যই দরপত্রের সহিত দাখিল করতে হবে।

৭। গৃহীত সর্বোচ্চ দরদাতার দর ব্যতীত অন্যান্যদের ব্যাংক ড্রাফ্ট দরপত্র মূল্যায়ন কমিটির সিদ্ধান্তের পর ফেরত দেওয়া হবে।

৮। ইজারা গ্রহণকারী কোন ক্রমেই অন্যের নিকট ইজারা বন্দোবস্ত কিংবা সাব-লিজ প্রদান করতে পারবেন না। অনুরুপ কোন কার্যকলাপ প্রমাণিত হয়; তবে তাহার ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে।

৯। টোল হিসাবে প্রতিটি মাল বোঝাই ট্রাক নির্ধারিত ১০০/= (একশত) টাকা হারে রশিদ মারফত আদায় করতে পারবেন। ইজারদার কোন কারনেও নির্ধারিত টোলের অতিরিক্ত কোন টাকা আদায় করতে পারবেন না। এ ধরনের অভিযোগ দায়ের হলে ইজারা বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

১০। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময় জানা যাবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন। ইজারা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হবে।

স্বাঃ-
প্রধান নির্বাহী কর্মকর্তা
কুড়িগ্রাম পৌরসভা।

স্মারক নং-৪৬.০৩.৪৯৫২.১১১.৪৫.২০২৬.১১২০ তারিখঃ ৩০/০৭/২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রচারার্থে প্রেরিত হইলঃ-(জেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম
২। প্রশাসক, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
৩। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৪। প্রশাসক, কুড়িগ্রাম পৌরসভা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
৬। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম।
৭। অফিসার ইনচার্জ, কুড়িগ্রাম থানা, কুড়িগ্রাম।
৮। প্রশাসকের কর্মসম্পাদনের সহায়তা কমিটির সদস্য (সকল), কুড়িগ্রাম পৌরসভা।
৯। নির্বাহী প্রকৌশলী, কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম
১০। সভাপতি/সম্পাদক, জেলা মটর মালিক সমিতি, জেলা মটর শ্রমিক ইউনিয়ন, ট্রাক-ট্রাক্টর মালিক সমিতি, ট্রাক কাভার্ডভ্যান ও ট্রাক্টর শ্রমিক ইউনিয়ন কুড়িগ্রাম।
১১। www.pourashava.kurigram.gov.bd এ পাওয়া যাবে।
১২। নোটিশ বোর্ড, কুড়িগ্রাম পৌরসভা।
১৩। অফিস নথি।

প্রধান নির্বাহী কর্মকর্তা
কুড়িগ্রাম পৌরসভা।